

সারাদেশ

বৈরী আবহাওয়া ও সাগরে মাছের আকাল, লোকসানে তীরে ফিরছেন জেলেরা

প্রতিবেদক: কলাপাড়া (পটুয়াখালী) প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



বৈরী আবহাওয়া ও সাগরে আশানুরূপ মাছ না পাওয়ায় পটুয়াখালীর কলাপাড়ার মহিপুর-আলীপুর মৎস্য বন্দরে ফিরছে শত শত মাছধরা ট্রলার। প্রত্যাশিত মাছ না পাওয়ায় মাত্র দুই-তিন দিনের মধ্যেই অনেক ট্রলারকে তীরে ফিরতে হচ্ছে। এতে প্রতিটি ট্রলারের মালিককে গুনতে হচ্ছে লাখ লাখ টাকা লোকসান।

বৃহস্পতিবার মহিপুর-আলীপুর মৎস্য বন্দর ঘুরে দেখা যায়, খাপড়াভাঙ্গা নদীর ঘাটে নোঙর করে আছে শত শত মাছধরা ট্রলার। কোনো কোনো ট্রলার থেকে সামান্য মাছ খালাস করা হলেও অধিকাংশ ট্রলারই প্রায় মাছশূন্য। আবার কিছু ট্রলার জ্বালানি, বরফ ও প্রয়োজনীয় সরঞ্জাম নিয়ে সাগরে যাওয়ার প্রস্তুতি নিচ্ছে। তবে জেলে ও ট্রলার মালিকদের মধ্যে বিরাজ করছে হতাশা ও অনিশ্চয়তা।

জেলে ছগির বলেন, কয়েক দিন সাগরে অবস্থান করেও অনেক সময় জাল ফেলে কাজ্জিত মাছ পাওয়া যাচ্ছে না। এর মধ্যে আবহাওয়া খারাপ হয়ে গেলে সাগরে অবস্থান করাও ঝুঁকিপূর্ণ হয়ে পড়ে। জীবন ও সম্পদের নিরাপত্তার কথা বিবেচনা করে বাধ্য হয়েই তীরে ফিরতে হচ্ছে।

সাগর মাঝি বলেন, সাধারণত একটি মাছধরা ট্রলার সাগরে যাওয়ার আগে আট থেকে ১০ দিনের খাদ্যসামগ্রী, বরফ, জ্বালানি তেল ও অন্যান্য



জাতীয়তাবাদী ওলামা দল

পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত

বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ

পাবনার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরির ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গু...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু

সুনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা ছাত্রদের আনুয়িক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/boiri-abhaoya-o-sagre-machher-akal-loksane-tire-firchhen-jelera>